



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/রাজবাড়ী-২৬/ ৬০৬৮/১৭

তারিখঃ ১০.১২.২০১৮খ্রিঃ

বিষয়ঃ সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ব্যাখ্যা দাখিলকরণ প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং-০৫.৩০.৮২০০.০২৩.০২.২৫৮.১৮-৪৪৮; তারিখঃ ২৫.১০.২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজবাড়ী জেলার সদর উপজেলাধীন চরশ্যামনগর দাখিল মাদ্রাসার সুপার জনাব মোহাম্মদ কামরুজ্জামান এর বিরুদ্ধে উক্ত মাদ্রাসার শিক্ষক, কর্মচারী ও এলাকার জনসাধারণ কর্তৃক বিভিন্ন অনিয়ম, অর্থ আত্মসাৎ এবং নৈতিক চরিত্র অবক্ষয় উল্লেখ করে সহকারী কমিশনার (ভূমি), রাজবাড়ী সদর, রাজবাড়ী বরাবর অভিযোগ দাখিল করেন।

উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে সহকারী কমিশনার (ভূমি), রাজবাড়ী সদর, রাজবাড়ী অভিযোগের বিষয়টি তদন্ত করে, তদন্ত প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার রাজবাড়ী সদর বরাবর প্রেরণ করেন। প্রতিবেদনে সুপার মোহাম্মদ কামরুজ্জামানের মাদ্রাসা পরিচালনায় অনিয়ম, দুর্নীতি, শিক্ষকদের নিকট হতে অর্থ গ্রহণ ও তা ফেরত না দেয়া, মাদকাসক্ত হওয়া, পতিতালয়ে গমন এবং নৈতিক চরিত্রের অবক্ষয়ের অভিযোগ সমূহ সত্য মর্মে উল্লেখ করেন। তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্য প্রমাণের প্রেক্ষিতে আনিত অভিযোগ সমূহের সত্যতা প্রমাণিত হয়েছে মর্মে জেলা প্রশাসক, রাজবাড়ী সুপার জনাব মোহাম্মদ কামরুজ্জামান এর এমপিও বন্ধের সুপারিশ সহ বিভাগীয় শাস্তি ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় জেলা প্রশাসক রাজবাড়ী কর্তৃক প্রেরিত পত্রের বিষয়ে সুপার জনাব মোহাম্মদ কামরুজ্জামান এর এমপিও বন্ধ সহ বিভাগীয় শাস্তি ব্যবস্থা কেন গ্রহণ করা হবে না তা পত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) কর্ম দিবসের মধ্যে সমর্থনীয় কাগজপত্রসহ সন্তোষজনক সুস্পষ্ট লিখিত জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

স্থাপকঃ সুপার, চরশ্যামনগর দাখিল মাদ্রাসার।

ডাকঘর: খলিলপুর বাজার, উপজেলা: সদর, জেলা: রাজবাড়ী।

নং-বামাশিবো/প্রশাসন/রাজবাড়ী-২৬/

তারিখঃ ১২.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, রাজবাড়ী।
২. উপজেলা নির্বাহী অফিসার, সদর, রাজবাড়ী।
৩. জেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, রাজবাড়ী।
৫. সভাপতি, চরশ্যামনগর দাখিল মাদ্রাসার।
ডাকঘর: খলিলপুর বাজার, উপজেলা: সদর, জেলা: রাজবাড়ী।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

